

# আমার দেশ

স্বাধীনতার কথা বলে

আজ: ঢাকা, রোববার ১১ মার্চ ২০১২, ২৮ ফাল্গুন ১৪১৮, ১৭ রবিউস সানি ১৪৩৩ হিজরী আপডেট সময়: রাত ১.০০টা

## সেমিনারে ড. আইনুন নিশাত: বৈশ্বিক শিল্পায়নে জলবায়ু ক্রমেই ভারসাম্যহীন হয়ে পড়ছে

### বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বৈশ্বিক শিল্পায়নের কারণে পৃথিবীর জলবায়ু ক্রমেই ভারসাম্যহীন হয়ে পড়ছে। পৃথিবীর তাপমাত্রা ও সমুদ্রপৃষ্ঠের উচ্চতা অস্বাভাবিক হারে বৃদ্ধি পাচ্ছে। নদীভাঙন বাড়ছে। এরই মধ্যে বাংলাদেশসহ বিভিন্ন দেশে অতিবৃষ্টি, অনাবৃষ্টি, ঘূর্ণিঝড়ের মতো প্রাকৃতিক দুর্যোগ দেখা দিয়েছে। এ অবস্থা চলতে থাকলে ৫০ বছর পর বাংলাদেশসহ বিভিন্ন দেশে মারাত্মক খাদ্যাভাব দেখা দেবে। স্বাস্থ্য সমস্যা প্রকট আকার ধারণ করবে।

জলবায়ু পরিবর্তন বিষয়ক এক প্রবন্ধে অধ্যাপক ড. আইনুন নিশাত সতর্কতামূলক এ তথ্য তুলে ধরেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগ 'শহীদ বুদ্ধিজীবী স্মারক বক্তৃতা-১১' উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের আরসি মজুমদার মিলনায়তনে এ সেমিনারের আয়োজন করে। ইতিহাস বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক শিরিন হাসান ওসমানীর সভাপতিত্বে এতে বক্তৃতা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. সদরুল আমিন, ড. ইফতেখার ইকবাল প্রমুখ।

ড. আইনুন নিশাত বলেন, প্রাকৃতিক দুর্যোগ মারাত্মক পর্যায়ে পৌঁছলে ব্যারিকেড দিয়েও দরিদ্র মানুষের দেশান্তর রোধ করা যাবে না। কিছু কিছু দেশ ও জাতির অস্তিত্ব বিলীন হবে। তিনি গ্রিন হাউস গ্যাসের নেতিবাচক প্রভাবের জন্য চীন, যুক্তরাষ্ট্র, ভারত ও ইউরোপের দেশগুলোকে দায়ী করে বলেন, বিশ্বের জলবায়ু রক্ষায় শিল্পোন্নত দেশগুলোকে বাধ্য করতে বাংলাদেশ সরকারসহ তৃতীয় বিশ্বের দেশগুলোকে আরও সোচ্চার হতে হবে।